বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ কর্তৃক অনুমোদিত
এ্যারো মেডিক্যাল ইনষ্টিটিউট (এএমআই) বিএএফ এ ৪ (চার) বৎসর মেয়াদী
মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল (MATS) ডিপ্লোমা কোর্সে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তির বিজ্ঞপ্তি

১। **পরিচিতি** ঃ এ্যারো মেডিক্যাল ইনষ্টিটিউট (এএমআই) বিএএফ, বাংলাদেশ বিমান বাহিনীর একটি বিশেষায়িত শিক্ষা প্রতিষ্ঠান। অত্র প্রতিষ্ঠানে বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ কর্তৃক স্বীকৃত ০৪ বছর মেয়াদী মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট ডিপ্লোমা কোর্স বাংলাদেশ বিমান বাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত হচ্ছে। উক্ত কোর্স চলাকালীন সময়ে সম্মিলিত সামরিক হাসপাতাল ঢাকা, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল এবং আমর্ড ফোর্সেস ইনষ্টিটিউট অব প্যাথলজিতে ব্যবহারিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ ও গুনগত মানের মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট গড়ে তোলা হয়।

২। **অর্জন** ঃ সরকারী ও বেসরকারী সকল ম্যাটসের মধ্যে সর্বোচ্চ ফলাফল অর্জনকারী প্রতিষ্ঠান। এ বছর পাশের হার ৭৭.১৪%

৩। **ভর্তির যোগ্যতা** ঃ

- প্রার্থীকে অবশ্যই মানসিক ও শারিরীকভাবে সুস্থ হতে হবে।
- প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- ভর্তির যোগ্যতাঃ ২০১৬ থেকে ২০২০ ইং সনে এসএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ নূন্যতম জিপিএ ২.৫ (পয়েন্ট) অর্জন করতে হবে। জীববিজ্ঞান বিষয় অবশ্যই থাকতে হবে।

৪। **আবেদনপত্র সংগ্রহ ও দাখিল করণঃ** ভর্তির আবেদনপত্র, সেন্টার ফি ও আনুষাঙ্গিক খরচ বাবদ ৬০০.০০ টাকা মাত্র (অফেরতযোগ্য) নগদ পরিশোধ সাপেক্ষে এ্যারো মেডিক্যাল ইনষ্টিটিউট বিএএফ, বিমান বাহিনী ঘাঁটি বঙ্গবন্ধু, কুর্মিটোলা, ঢাকা সেনানিবাস, চিকিৎসা বহর বিমান বাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস, বিমান বাহিনী ঘাঁটি জহুরুল হক, পতেঙ্গা, চট্টগ্রাম, বিমান বাহিনী ঘাঁটি বীরশ্রেষ্ঠ মতিউর রহমান, যশোর সেনানিবাস থেকে আবেদনপত্র ও প্রসপেক্টাস পত্রিকায় উল্লেখিত তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে (ছুটির দিন ব্যতীত)। আবেদনপত্র জমাদানের তারিখ ০১ নভেম্বর ২০২০ হইতে ৩০ নভেম্বর ২০২০ তারিখ পর্যন্ত । সুতরাং, আবেদনপত্র, প্রবেশপত্র ও প্রসপেক্টাস উক্ত তারিখের মধ্যে সংগ্রহ ও জমা দিতে হবে (ছুটির দিন ব্যতীত)। প্রসপেক্টাস এ উল্লেখিত নিয়মাবলী অনুসরন পূর্বক আবেদন পত্রটি প্রার্থী কর্তৃক স্বহস্তে যথাযথভাবে পূরণ করে নিজ ঠিকানা ও ষ্টাম্প সম্বলিত ফেরত খামসহ (প্রবেশপত্র প্রেরণের জন্য) উপরে উল্লেখিত তারিখের মধ্যে এ্যারো মেডিক্যাল ইনষ্টিটিউট (এএমআই) বিএএফ এ সরাসরি অথবা ডাকযোগে জমা দিতে হবে।

আবেদনকারীর প্রবেশপত্র ডাকযোগে প্রেরন করা হবে। যারা প্রবেশপত্র পাবেন না তারা ১৫ নভেম্বর ২০২০ হতে ২২ নভেম্বর ২০২০ (সকাল ০৯০০ ঘটিকা পর্যন্ত) তারিখের মধ্যে এ্যারো মেডিক্যাল ইনষ্টিটিউট (এএমআই) বিএএফ হতে প্রবেশপত্র সংগ্রহ করবেন। ০৫ ডিসেম্বরর ২০২০ তারিখ রোজ শনিবার এ্যারো মেডিক্যাল ইন্সটিটিউট বাংলাদেশ বিমান বাহিনী, বিমান বাহিনী ঘাঁটি বঙ্গবন্ধু ঢাকা সেনানিবাস-এ সকাল ০৯০০ ঘটিকায় এমসিকিউ পদ্ধতিতে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৫। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য বিমান বাহিনী ওয়েব সাইট (www.joinbangladeshairforce.mil.bd) অথবা নিম্নোক্ত মোবাইল নম্বরে যোগাযোগ করুন।

অতিরিক্ত তথ্যের জন্য যোগাযোগ করুনঃ

এ্যারো মেডিক্যাল ইনষ্টিটিউট (এএমআই) বিএএফ,
বিমান বাহিনী ঘাঁটি বঙ্গবন্ধু, কুর্মিটোলা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।
ফোনঃ ৯৮৩৫৯৮১-৫, ৯৮৩৬১২২-২৭ বর্ধিত ৫৪০৫, ৫৪১৪
মোবাইলঃ ০১৭৫৬৬০১৩৭৩

চিকিৎসা বহর, বিমান বাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস
মোবাইল- ০১৭৬৯৯৭৫৩৪২

চিকিৎসা বহর, বিমান বাহিনী ঘাঁটি জহুরুল হক, পতেঙ্গা, চট্টগ্রাম
মোবাইল- ০১৬৭৮০৪৬৮০০

চিকিৎসা বহর, বিমান বাহিনী ঘাঁটি বীরশ্রেষ্ঠ মতিউর রহমান,
যশোর সেনানিবাস, মোবাইল- ০১৭০০৭৭৯৭৭৩

১। **প্রতিষ্ঠান পরিচিতি** ঃ এএমআই বিএএফ বাংলাদেশ বিমান বাহিনীর একটি বিশেষায়িত শিক্ষা প্রতিষ্ঠান। এই ইনষ্টিটিউট সামরিক বাহিনীতে কর্মরত চিকিৎসকদের উচ্চতর প্রশিক্ষণের জন্য গ্রেডেড স্পেশালিষ্ট ইন এ্যারোস্পেস মেডিসিন কোর্স, সেনা নৌ ও বিমান বাহিনীর বৈমানিকদের ফিজিওলজিক্যাল ইনডোকট্রিনেশন কোর্স, বিমান বাহিনীর চিকিৎসা সহকারীদের ম্যাটস (MATC), সিনিয়র ট্রেড কোর্স ও ফিজিওলজিক্যাল ট্রেনিং কোর্স পরিচালনা করছে। দেশের আধুনিকতম হাসপাতাল সিএমএইচ ঢাকা/কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকায় প্রশিক্ষণের পাশাপাশি কম্পিউটার ল্যাব প্রশিক্ষণের মাধ্যমে সকল প্রশিক্ষণার্থীদেরকে আন্তর্জাতিক মানসম্পন্ন চিকিৎসা সহকারী হিসেবে গড়ে তোলা হচ্ছে।

২। **অর্জনঃ** সরকারী ও বেসরকারী সকল ম্যাটসের মধ্যে সর্বোচ্চ ফলাফল অর্জনকারী প্রতিষ্ঠান।

৩। **একাডেমিক কার্যক্রমঃ** সুযোগ্য পরিচালনা পর্ষদের যথাযথ দিকনির্দেশনায় এবং নিবিড় তত্ত্বাবধানে এখানে পাঠদানে রয়েছে যোগ্য ও নিবেদিতপ্রাণ শিক্ষকগণ। জাতীয় ও আন্তর্জাতিক মানের দক্ষ ও যোগ্য স্বাস্থ্য সহকারী তৈরীর কথা চিন্তা করে প্রতিষ্ঠানে ইংরেজী মাধ্যমে পাঠদান করা হয়। বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদের শিক্ষানীতির আলোকে এখানে পাঠদান কার্যক্রম পরিচালিত হচ্ছে। একনজরে একাডেমিক ও প্রশাসনিক প্রবাহচিত্রঃ



৪। **কম্পিউটার ল্যাবঃ** তথ্য-প্রযুক্তি বর্তমান শিক্ষা ব্যবস্থায় গুণগত শিক্ষার জন্য একটি প্রধান নিয়ামক ও পূর্বশর্ত। অত্র প্রতিষ্ঠানে তথ্য প্রযুক্তি শিক্ষার জন্য আধুনিক প্রযুক্তি নির্ভর ০১টি কম্পিউটার ল্যাব রয়েছে। তাছাড়া শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের ব্যবহারের জন্য ইন্টারনেট কানেকশন সহ পর্যাপ্ত কম্পিউটার রয়েছে। সুযোগ্য শিক্ষকদের তত্ত্বাবধানে তথ্য প্রযুক্তি সম্পর্কিত তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাস পরিচালনা করা হয়।

৫। **লাইব্রেরি/গ্রন্থাগারঃ** প্রতিষ্ঠানের মূল ভবনের ৪র্থ তলায় সুপরিসর স্থানে সুসজ্জিত চিকিৎসা বিষয়ক বিভিন্ন বিষয়ভিত্তিক সহায়ক গ্রন্থসহ একটি লাইব্রেরি রয়েছে। সকাল ০৮০০ ঘটিকা থেকে বিকাল ১৪৩০ ঘটিকা পর্যন্ত লাইব্রেরি ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের জন্য উন্মুক্ত। এছাড়া শিক্ষক ও শিক্ষার্থী সকলের পড়াশুনা ও গবেষণার জন্য কার্ডের মাধ্যমে লাইব্রেরি থেকে বই-পুস্তক বাসায় নেয়ার ব্যবস্থা রয়েছে। লাইব্রেরি সুষ্ঠু তত্ত্বাবধানের জন্য রয়েছে অত্যন্ত কর্মদক্ষ লাইব্রেরিয়ান।

৬। **কোর্সঃ** এএমআই বিএএফ এ জানুয়ারী ২০১৬ হতে ‘মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট ট্রেনিং কোর্স’ চালু করার জন্য স্বাস্থ্য মন্ত্রণালয় হতে গত ০৭ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে অধিভূক্ত হয়। নিম্নে ভর্তির যোগ্যতা সহ অন্যান্য তথ্যাবলী প্রদান করা হলো।

৭। **যোগ্যতাঃ**

ক। **জাতীয়তাঃ** প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ। **লিঙ্গঃ** পুরুষ ও মহিলা।

গ। **বয়স ও শিক্ষাগত যোগ্যতাঃ** বর্তমান বছর ও পূর্ববর্তী ০৪ (চার) বছরের এসএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ নূন্যতম জিপিএ ২.৫ (পয়েন্ট) অর্জন করতে হবে। জীববিজ্ঞান বিষয় অবশ্যই থাকতে হবে।

ঘ। **শারীরিক মানঃ** শারীরিক ভাবে সুস্থ্য হতে হবে।

৮। **নির্বাচনঃ** নিম্নের প্রক্রিয়া অনুযায়ী সম্ভাব্য প্রার্থীগণের নির্বাচন সম্পন্ন হবেঃ

ক। **আবেদন প্রক্রিয়াঃ** ভর্তির আবেদনপত্র, সেন্টার ফি ও আনুষাঙ্গিক খরচ বাবদ ৬০০.০০ (ছয়শত) টাকা মাত্র (অফেরতযোগ্য) নগদ পরিশোধ সাপেক্ষে এ্যারোমেডিক্যাল ইনষ্টিটিউট বিএএফ, ঢাকা সেনানিবাস, চিকিৎসা বহর বিমান বাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস, বিমান বাহিনী ঘাঁটি জহুরুল হক পতেঙ্গা, চট্টগ্রাম, বিমান বাহিনী ঘাঁটি বীরশ্রেষ্ঠ মতিউর রহমান, যশোর সেনানিবাস থেকে আবেদনপত্র ও প্রসপেক্টাস পত্রিকায় উল্লেখিত তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে (ছুটির দিন ব্যতীত)। প্রসপেক্টাস এ উল্লেখিত নিয়মাবলী অনুসরনপূর্বক আবেদন পত্রটি প্রার্থী কর্তৃক স্বহস্তে যথাযথভাবে পূরণ করে নিজ ঠিকানা ও ষ্টাম্প সম্বলিত ফেরত খামসহ (প্রবেশপত্র প্রেরণের জন্য) পত্রিকায় উল্লেখিত তারিখের মধ্যে এ্যারোমেডিক্যাল ইনষ্টিটিউট (এএমআই) বিএএফ এ অথবা যে স্থান হতে ভর্তি ফরম ক্রয় করা হয়েছে সেই স্থানে জমা দিতে হবে। পত্রিকায় উল্লেখিত তারিখে এএমআই বিএএফ এ সকাল ০৯০০ ঘটিকায় এমসিকিউ পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তিচ্ছুক প্রার্থীগণকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক তা যথাযথভাবে পূরণ করে নিম্নলিখিত কাগজপত্রাদিসহ একই স্থানে নির্ধারিত তারিখের মধ্যে জমা করতে হবে।

(১) চার কপি রঙিন সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি।

(২) এসএসসি/সমমানের পরীক্ষা পাসের মার্কসীট ও সার্টিফিকেটের সত্যায়িত কপি।

(৩) স্থানীয় চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।

(৪) সশস্ত্র বাহিনীতে কর্মরত/অবসরপ্রাপ্ত সদস্যগণের পোষ্যের (শুধুমাত্র আপন ছেলে, মেয়ে) বিষয়ে ইউনিট অধিনায়ক কর্তৃক প্রত্যয়ন পত্র।

খ। **পরীক্ষা মূল্যায়ন পদ্ধতিঃ**

লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষাঃ প্রার্থীগণকে এমসিকিউ পদ্ধতিতে ১০০ নম্বরের লিখিত পরীক্ষা (বাংলা-১৫, ইংরেজি-১৫, জীববিজ্ঞান-১৫, পদার্থ বিজ্ঞান-১৫, রসায়ন-১৫, গণিত-১৫ ও সাধারণ জ্ঞান-১০) ও ১০০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

গ। **স্বাস্থ্য পরীক্ষাঃ** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য হতে হবে।

ঘ। **আসন বরাদ্দঃ** ৫০ টি আসন থেকে সামরিক ব্যক্তি (বিমান বাহিনী) কর্তৃক পূরণ করে বাকী আসন বেসামরিক ব্যক্তি থেকে মেধানুযায়ী পূরণ করা হবে।

ঙ। **চূড়ান্ত নির্বাচনঃ** ভর্তি পরীক্ষার ফলাফলের সাথে এস এস সি বা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ২০ গুণ যোগ করে মেধা তালিকা প্রস্তুত করা হবে। অর্থাৎ এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ x ২০+লিখিত পরীক্ষা+মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে চূড়ান্ত নির্বাচনের ফলাফল সম্পন্ন করা হবে। নির্বাচিত প্রার্থী ও অপেক্ষমান তালিকা অত্র প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

৯। **প্রশিক্ষণঃ**

ক। বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ কর্তৃক অনুসৃত শিক্ষাক্রম অবলম্বনে এ্যারোমেডিক্যাল ইনস্টিটিউট কর্তৃক প্রণীত পাঠ্যসূচী অনুযায়ী শিক্ষার্থীগণকে মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট ট্রেনিং কোর্স বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হবে।

খ। **ব্যবহারিক প্রশিক্ষণঃ** শিক্ষার্থীগণকে ব্যবহারিক প্রশিক্ষণের জন্য সম্মিলিত সামরিক হাসপাতাল ঢাকা/কুর্মিটোলা জেনারেল হাসপাতাল ঢাকায় প্রশিক্ষণ প্রদান করা হবে।

১০। **শর্তাবলীঃ** নিম্ন বর্ণিত শর্তাবলী শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য হবে।

ক। **শৃঙ্খলাঃ** শিক্ষার্থীগণ এ্যারোমেডিক্যাল ইনষ্টিটিউটে শিক্ষানবিসকালে প্রচলিত আইনকানুন মেনে চলবে এবং গভর্নিং বডি, এ্যারোমেডিক্যাল ইনষ্টিটিউটের সরাসরি নিয়ন্ত্রনাধীন থাকবে। ভর্তির পর সকল ছাত্র ছাত্রীর দাখিলকৃত সনদপত্র/কাগজপত্রাদি শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ দ্বারা যাচাই করা হবে এবং উক্ত যাচাইয়ের পর কোন ভুল/মিথ্যা তথ্য বের হলে প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।

খ। **প্রত্যাহারঃ** প্রশিক্ষণরত যে কোন শিক্ষার্থীকে স্ব্যাস্থ্যগত, চারিত্রিকত্রুটি/বিচ্যুতি, প্রশিক্ষণ গ্রহনে অপারদর্শিতা, পরীক্ষায় অসদুপায়, শিক্ষাগত, অসামাজিক, অনৈতিক ও প্রাতিষ্ঠানিক শৃঙ্খলাজনিত কারণে, রাষ্ট্রবিরোধী কার্যক্রমে জড়িত থাকলে অথবা ২৫% নিয়মিত ক্লাসে অনুপস্থিত থাকার কারণে কর্তৃপক্ষ প্রত্যাহার করতে পারবে।

১১। **আহার, বাসস্থান ও যাতায়াতঃ** শিক্ষার্থীগণকে নিজ ব্যাবস্থাপনায় আহার, বাসস্থান ও যাতায়াতের ব্যবস্থা করতে হবে।

১২। **পোষাকাদিঃ** কোর্সের প্রশিক্ষার্থীগণ প্রশিক্ষণ চলাকালে এ্যারেমেডিক্যাল ইনষ্টিটিউট কর্তৃক নির্ধারিত পোষাক পরিধান করবে। ছেলেরা প্রশিক্ষণকালীন সময়ে সাদা শার্ট, কালো প্যান্ট, কালো মোজাসহ কালো পাম সু অথবা কেডস , নেম প্লেট ও পরিচয় পত্রসহ ফুলহাতা সাদা এপ্রোন পরিধান করবে। শীতকালে এপ্রোনের নিচে নেভী ব্লু সোয়েটার পরিধান করবে। মেয়েরা সাদা কামিজ, কালো স্যালোয়ার, সাদা ওড়না ও বেল্ট, কালো জুতা অথবা কেডস পরবে, নেম প্লেট ও পরিচয় পত্রসহ ফুলহাতা সাদা এপ্রোন পরিধান করবে।

১৩। ভর্তি ফি ও মাসিক বেতনঃ শিক্ষার্থীগণ নিম্নে নির্ধারিত হারে এককালীন ভর্তি ফি ও মাসিক বেতন প্রদান করবে।

ভর্তিকালীন ফি	**= ২৫,০০০.০০ (অফেরতযোগ্য)**
মাসিক টিউশন ফি	**= ১,০০০.০০**
কুশান মানি/ জামানত	**= ৫,০০০.০০ (ফেরতযোগ্য)**

১৪। পরিচয় পত্রঃ অত্র প্রতিষ্ঠান কর্তৃক মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট ট্রেনিং কোর্সের শিক্ষার্থীগণকে ঘাঁটি নিরাপত্তা বহর কর্তৃক পরিচয় পত্র প্রদান করা হবে যা সেনানিবাসের অভ্যন্তরে চলাচলের সময় সার্বক্ষণিক দৃশ্যমান রাখতে হবে।

১৫। আবেদনপত্র সংগ্রহ ও জমাদান/ ভর্তি পরীক্ষা/ ক্লাস শুরু সংক্রান্ত সময় সূচিঃ

ক। আবেদনপত্র সংগ্রহ ও জমাদান এবং প্রবেশপত্র বিতরনের তারিখঃ পত্রিকায় উল্লেখিত তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে (ছুটির দিন ব্যতিত)।

খ। **লিখিত পরীক্ষাঃ** পত্রিকায় উল্লেখিত তারিখে এএমআই বিএএফ, কুর্মিটোলা ঢাকা সেনানিবাসে সকাল ০৯০০ ঘটিকায় এমসিকিউ পদ্ধতিতে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গ। **লিখিত পরীক্ষার ফল প্রকাশঃ** এএমআই বিএএফ নোটিশ বোর্ডে ফল প্রকাশিত হবে।

ঘ। **মৌখিক পরীক্ষা ও স্বাস্থ্য পরীক্ষাঃ** কেবল মাত্র নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষা ও স্বাস্থ্য পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ঙ। **চূড়ান্ত ফল প্রকাশঃ** এএমআই বিএএফ এর নোটিশ বোর্ডে নির্বাচিত ও অপেক্ষমান তালিকা একই সাথে প্রকাশিত হবে।

চ। **ভর্তিঃ** বিমান বাহিনী ওয়েব সাইট (www.joinbangladeshairforce.mil.bd) এবং এএমআই বিএএফ এর নোটিশ বোর্ডে উল্লেখিত তারিখ অনুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ছ। **কোর্সের মেয়াদঃ** ০৪ বছর (০৩ বছর + ০১ বছর ইন্টার্নশীপ)।

টিউটেরিয়াল ক্লাস

বেড সাইড ট্রেনিং

উড্ডয়নে স্বাস্থ্য শিক্ষা

প্রসপেক্টাস

মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল (ম্যাট্স) এ

৪ বৎসর মেয়াদী ডিপ্লোমা কোর্স

এ্যারো মেডিক্যাল ইনস্টিটিউট বিএএফ

বা বি বা ঘাঁটি বঙ্গবন্ধু, ঢাকা সেনানিবাস